



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

দর্শন বিভাগের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান



দর্শন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ১৪ তম ব্যাচের নবীন বরণ এবং ৯ম ব্যাচের বিদায় অনুষ্ঠান ১৮ এপ্রিল, ২০১৯-বৃহস্পতিবার সকাল ১১.৩০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

দর্শন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়ার্দারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান। অনুষ্ঠানটির আহ্বায়কের দায়িত্বে ছিলেন সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ হাফিজুল ইসলাম। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।